

স্কুল ভবন নির্মাণের চার বছর পরেই ব্যবহার অনুপযোগী

■ জয়পুরহাট প্রতিনিধি

জয়পুরহাটের চাকলমুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনের নির্মাণ কাজ শেষ হওয়ার চার বছরের মাথায় দেয়ালে ফাটল দেখা দেয়ায় ঝুঁকিপূর্ণ হওয়ায় পাঠদান বন্ধ রেখেছেন শিক্ষকরা। কালাই উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা চাকলমুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়টি সরেজমিন পরিদর্শনের পর ভবনটি অধিক ঝুঁকিপূর্ণ হওয়ার বিষয়টি সংশ্লিষ্ট উপরতন কর্তৃপক্ষকে লিখিতভাবে জানিয়েছেন।

প্রাথমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প-২ এর আওতায় ১৫ লাখ ৯০ হাজার ৫১৩ টাকা ব্যয়ে পত ২০০৮-০৯ অর্থবছরে চাকলমুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ করা হয়। নির্মাণের দায়িত্ব পায় বগুড়ার এয়ারএম এন্টারপ্রাইজ নামে একটি ঠিকাদারী প্রতিষ্ঠান। ভবনটির নির্মাণ কাজ শুরু হয় ২০০৯ সালের ৩ সেপ্টেম্বর। যা শেষ হয় ওই বছরের ৩০ অক্টোবর। ২০১০ সালের ১৮ মার্চ ভবনটি উদ্বোধন করেন কালাই উপজেলা পরিষদের চেয়ারম্যান

মিনফজুর রহমান মিলন। কিন্তু ভবনটিতে পাঠদান শুরু হওয়ার দুই বছরের মাথায় চারপাশের পিলার দেবে যায়। ফলে ছাদসহ-খর ও বারান্দার মেঝেও দেবে যায়। ছাদের নিচের টাইলিম, ডেস্টিলেটর ও দেয়ালে দেখা দেয় ফাটল। কৈথাও কোথাও দেয়ালের পলেস্টার খসে পড়েছে। এ অবস্থায় ঝুঁকির কারণে নতুন ভবনে পাঠদান বন্ধ রাখেন বিদ্যালয়ের শিক্ষকরা। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের নির্বাহী

পাঠদান বন্ধ

প্রকৌশলী নাসিমা নাজনীন নাজ বলেন, তদন্তের সময় ভবনটি নির্মাণে বেশকিছু ত্রুটি তার কাছে পরিলক্ষিত হয়েছে। ভবনটি বর্তমানে ব্যবহার অনুপযোগী বলেও উল্লেখ করেছেন তিনি। ভবন নির্মাণকারী ঠিকাদারী প্রতিষ্ঠান বগুড়ার এয়ারএম এন্টারপ্রাইজের মালিক আনোয়ার হোসেন বলেন, তার লাইসেন্স ব্যবহার করে জয়পুরহাটের কালাই উপজেলার পুনট এলাকার মহকুত আলী মুকুল নামে স্থানীয় এক ঠিকাদার কাজটি করেছেন। তিনি এসবের কিছুই জানেন না। তবে মহকুত আলী মুকুল ওই কাজের সঙ্গে জড়িত থাকার কথা অস্বীকার করেছেন।